বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-১)-১০০১২ জে, তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ২২ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: পিরোজপুর জেলা জজশীপে কর্মরত গাড়ী চালক জনাব মোঃ সফিকুল ইসলাম বুলবুলের শারীরিক অসুস্থতার জন্য ও তার পিতার চিকিৎসার দেনা পরিশোধের ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, পিরোজপুর এর গত ০২.১০.২০২২ খ্রিস্টাব্দের ১০.০৮.৭৯০০.০০১.৫৪.২০২২-৩৩৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গাড়ী চালক জনাব মোঃ সফিকুল ইসলাম বুলবুল তার আবেদনে উল্লেখ করেছেন যে, তিনি পিরোজপুর জেলা জজশীপে স্বল্প বেতনভুক্ত একজন কর্মচারী। তিনি বিগত ১১.০৮.২০২২ খ্রিঃ তারিখ পিরোজপুরে সড়ক দূর্ঘটনায় পতিত হয়ে পিরোজপুর সদর হাসপাতালে ভর্তি হন। বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ মোতাবেক ডান পা X-Ray করান। X-Ray রিপোর্টে তার ডান পায়ের রগ কাটাসহ ৩(তিন) টি হাড় ভেঙ্গে আলাদা হয়। বিশেষজ্ঞ ডাক্তার তাকে উন্নত চিকিৎসার জন্য খুলনা সরকারী হাসপাতালে (২৫০ বেড) রেফার করেন। ১১.০৮.২০২২ খ্রিঃ তারিখ তিনি খুলনা সরকারী হাসপাতালে (২৫০ বেড) ভর্তি হন। বিশেষজ্ঞ ডাক্তার তাকে পরীক্ষা-নিরীক্ষা করে পায়ে রড ঢুকিয়ে বেন্ডিস কাজ সম্পন্ন করেন এবং ১৪ দিনের বিশ্রামে থাকার পরামর্শ দিয়ে ২৩.০৮.২০২২ খ্রিঃ তারিখ ছাড়পত্র প্রদান করেন। পরবর্তীতে পায়ে প্রচন্ড যন্ত্রনার কারণে পিরোজপুর হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তার অভিজিৎ সিকদারকে দেখান। বিশেষজ্ঞ ডাক্তার অভিজিৎ সিকদার তার পায়ের অবস্থা খারাপ দেখে মৌখিকভাবে ঢাকা যেকোন উন্নতমানের হাসপাতালে চিকিৎসা নেয়ার পরামর্শ প্রদান করেন। তিনি বিগত ৩১.০৮.২০২২ খ্রিঃ তারিখ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন। বিশেষজ্ঞ ডাক্তার তার চিকিৎসা শেষে ১৮.০৯.২০২২ খ্রিঃ তারিখ ছাড়পত্র দিয়ে পরবর্তী ১৪ দিন পর তাকে পুনঃরায় বিশেষজ্ঞ ডাক্তার এর কাছে যেতে বলায় তিনি ০১.১০.২০২২ খ্রিঃ তারিখ ঢাকা আসেন। বর্তমানে তিনি বিশেষজ্ঞ ডাক্তার এর চিকিৎসাধিনে রয়েছেন। তার পায়ের চিকিৎসায় এ পর্যন্ত ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার অধিক খরচ হয়েছে। পায়ের সমস্যা শেষ হতে কমপক্ষে আরো ৬(ছয়) মাসের মতো সময় লাগবে এবং অনেক টাকার প্রয়োজন হবে।

০২। তিনি আরোও উল্লেখ করেন যে, তার পিতা মোঃ শাহজাহান খান বিগত ২০০৫ সাল হতে হার্ট, ভাল্ব এবং কিডনী রোগে আক্রান্ত। পিতার হার্টে তিনটি রিং পড়ানো হয়েছে। ২০০৫ সাল হতে ০৮.০৯.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত পিতার চিকিৎসা বাবদ প্রায় ১৫,০০,০০০/-(পনের) লক্ষ টাকা খরচ হয়েছে। বিগত ০৯.০৯.২০২২ খ্রিঃ তারিখ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার পিতা মৃত্যুবরণ করেছেন। পিতার থাকা জমিজমা বিক্রী করে এবং ধার-দেনা করে পিতার চিকিৎসা করানো হয়েছে। পিতার চিকিৎসার খরচ বাবদ বর্তমানে ৭,০০,০০০/- (সাত) লক্ষ টাকা দেনা রয়েছে। তিনি একজন সামান্য বেতন ভুক্ত কর্মচারী। তিনি সংসারের একমাত্র উপার্যনক্ষম ব্যক্তি। তার আয়ের উপর তার বৃদ্ধা মা, স্ত্রী, দুইটি কন্যা ও দুইটি ছেলে সন্তানদের ভরন-পোষনসহ সন্তানদের লেখা পড়ার খরচের ব্যয় বহন করা বর্তমানে তার পক্ষে সম্পূর্ণ অসম্ভব। এমতাবস্থায় তার চিকিৎসার ব্যয় নির্বাহ করা এবং পিতার চিকিৎসার দেনা পরিশোধের নিমিত্ত স্ব-হৃদয় ও মানবিক দিক বিবেচনা করতঃ চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, পিরোজ পুর জেলা জজশীপে কর্মরত গাড়ী চালক জনাব মোঃ সফিকুল ইসলাম বুলবুল ও তার পিতার চিকিৎসার দেনা পরিশোধের জন্য আর্থিক সাহায্যের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
মোঃ সফিকুল ইসলাম বুলবুল
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, পিরোজপুর
সঞ্চয়ী হিসাব নং- ০৫০৮১০০০১২৮৭১
মোবাইল নং-০১৭১০৬৯৭৫৫০ (বিকাশ পার্সোনাল নম্বর)

স্বা:/-
(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার
ফোন: ৯৫১৪৬৪৬
ই-মেইল: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-১)-১০০১২ জে, তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ২২ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, -------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

(ক্রমিক ২–১৬ এর পাশে বন্ধনীযুক্ত বাক্স:)
প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

RRahaman
22.11.22
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রাজজের কার্যালয়
পিরোজপুর।

স্মারক নং ১০.০৮.৭৯০০.০০১.৫৪.২০২২- ৮৬৮

প্রেরক ঃ মোহাঃ মহিদুজ্জামান
জেলা ও দায়রা জজ
পিরোজপুর।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ পিরোজপুর জেলা জজশীপে কর্মরত গাড়ী চালক মোঃ সফিকুল ইসলাম বুলবুলে শারিরীক অসুস্থতার জন্য এবং তার পিতার চিকিৎসার দেনা পরিশোধের জন্য আর্থিক সাহায্য পাবার আবেদনপত্র প্রেরণ প্রসংগে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ সম্মান প্রর্দশন পূর্বক বিনীত নিবেদন এই যে, পিরোজপুর জেলা জজশীপে কর্মরত গাড়ী চালক মোঃ সফিকুল ইসলাম বুলবুলের শারিরীক অসুস্থতার জন্য এবং তার পিতার চিকিৎসার দেনা পরিশোধের জন্য আর্থিক সাহায্য পাবার আবেদনপত্রখানা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্র সাথে প্রেরণ করা হলো।

বিনীত

(মোহাঃ মহিদুজ্জামান)
জেলা ও দায়রা জজ
পিরোজপুর।

সংযুক্তিঃ
১। মোঃ সফিকুল ইসলাম বুলবুল কর্তৃক দাখিলী আর্থিক সাহায্য পাবার দরখস্ত- ১(এক) খানা।
২। দরখাস্তকারীর চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ৬(ছয়) ফর্দ।
৩। দরখাস্তকারীর পিতার চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ২৬(ছাব্বিশ) ফর্দ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যমঃ মাননীয় জেলা জজ মহোদয়
পিরোজপুর।

বিষয়ঃ শারীরিক অসুস্থতার জন্য আর্থিক সাহায্য পাইবার আবেদন ।

জনাব,

যথাবিহীত সম্মান প্রর্দশন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি পিরোজপুর জেলা জজশীপে স্বল্প বেতনভুক্ত একজন কর্মচারী ( গাড়ী চালক) । আমি বিগত ১১-০৮-২০২২ খ্রিঃ তারিখ পিরোজপুরে সড়ক দূর্ঘটনায় পতিত হইয়া পিরোজপুর সদর হাসপাতালে ভর্তি হই। বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ মোতাবেক ডান পা X-Ray করাই । X-Ray রিপোর্টে আমার ডান পায়ের পাতার রগ কাটাসহ ৩(তিন)টি হাড় ভাঙ্গিয়া আলাদা হয়। বিশেষজ্ঞ ডাক্তার আমাকে উন্নত চিকিৎসার জন্য খুলনা সরকারী হাসপাতালে (২৫০ বেড) রেফার করেন।

ইং ১১-০৮-২০২২ খ্রিঃ তারিখ আমি খুলনা সরকারী হাসপাতালে (২৫০ বেড) ভর্তি হই। বিশেষজ্ঞ ডাক্তার সাহেব আমাকে পরীক্ষা-নিরীক্ষা করিয়া পায়ে রড ঢুকাইয়া বেন্ডিস কাজ সম্পন্ন করেন। এবং ১৪ দিনের বিশ্রামে থাকার পরামর্শ দিয়া ২৩-০৮-২০২২ খ্রিঃ তারিখ ছাড়পত্র প্রদান করেন। পরবর্তীতে পায়ে প্রচন্ড যন্ত্রনার কারনে পিরোজপুর হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তার অভিজিৎ সিকদারকে দেখাই। বিশেষজ্ঞ ডাক্তার অভিজিৎ সিকদার সাহেব আমার পায়ের অবস্থা খারাপ দেখিয়া মৌখিকভাবে ঢাকা যেকোন উন্নতমানের হাসপাতালে চিকিৎসা নেয়ার পরামর্শ প্রদান করেন।

আমি বিগত ৩১-০৮-২০২২ খ্রিঃ তারিখ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হই। বিশেষজ্ঞ ডাক্তার আমার চিকিৎসা শেষে ১৮-০৯-২০২২ খ্রিঃ তারিখ ছাড়পত্র দিয়া পরবর্তী ১৪ দিন দিনপর আমাকে পুনঃরায় বিশেষজ্ঞ ডাক্তার এর কাছে যাইতে বলায় আমি ০১-১০-২০২২ খ্রিঃ তারিখ ঢাকা যাই । বর্তমানে আমি বিশেষজ্ঞ ডাক্তার এর চিকিৎসাধিনে আছি।

আমার পায়ের চিকিৎসায় এই পর্যন্ত ২,০০,০০০(দুই লক্ষ্য) টাকার অধিক খরচ হইয়াছে। পায়ের সমস্যা শেষ হইতে কমপক্ষে আরো ৬(ছয়) মাসের মতো সময় লাগিবে। এবং অনেক টাকার প্রয়োন হইবে।

উল্লেখ্য যে, আমার পিতা মোঃ শাহজাহান খান বিগত ২০০5 সাল হইতে হার্ট,ভাল্ব এবং কিডনী রোগে আক্রান্ত । পিতার হার্টে তিনটি রিং পড়ানো হইয়াছে। ২০০5 সাল হইতে ০৮-০৯-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত পিতার চিকিৎসা বাবদ প্রায় ১৫,০০,০০০/০০ (পনের) লক্ষ্য টাকা খরচ হইয়াছে। বিগত ০৯-০৯-২০২২ খ্রিঃ তারিখ ঢাকা ম্যাডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধিন অবস্থায় পিতা মৃত্যুরবন করিয়াছেন। পিতার থাকা জমিজমা বিক্রী করিয়া এবং ধার-দেনা করিয়া পিতার চিকিৎসা করানো হইয়াছে । পিতার চিকিৎসার খরচ বাবদ বর্তমানে ৭,০০,০০০/০০ (সাত) লক্ষ্য টাকা দেনা আছি।

আমি একজন সামান্য বেতন ভুক্ত কর্মচারী ( গাড়ী চালক) । আমি সংসারের একমাত্র উপার্যনক্ষম ব্যক্তি । আমার আয়ের উপর আমার বৃদ্ধা মা, স্ত্রী, দুইটি কন্যা ও ২(দুই) ছেলে সন্তানদের ভরন-পোষনসহ সন্তানদের লেখা পড়ার খরচের ব্যয় বহন করা বর্তমানে আমার পক্ষে সম্পূর্ন অসম্ভব। এমতাবস্থায় আমার চিকিৎসার ব্যয় নির্বাহ করার নিমিত্ত এবং পিতার চিকিৎসার দেনা পরিশোধের নিমিত্ত আর্থিক সাহায্য পাইবার জন্য মহোদয় সমীপে আকুল আবেদন করিতেছি।

অতএব,মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমার উপরোল্লিখিত যাবতীয় তথ্যাদি স্ব-হৃদয় ও মানবিক দিক বিবেচনা করতঃ আমার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য এবং পিতার চিকিৎসার দেনা পরিশোধের নিমিত্ত আর্থিক সাহায্যসহ দোয়া কামনা এবং বাংলাদেশ বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা এবং কর্মচারীগনের নিকট হইতে আর্থিক সাহায্য পাইতে পারি তাহার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত

মোঃ সফিকুল ইসলাম (বুলবুল) ০১/১০/২০২২

(মোঃ সফিকুল ইসলাম বুলবুল)
গাড়ী চালক
জেলা জজ আদালত
পিরোজপুর ।

সংযুক্তিঃ
১। আমার পায়ের ২(দুই) কপি ছবিসহ চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ৬(ছয়)ফর্দ।
২। পিতার চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ২৬ (ছাব্বিশ)ফর্দ।

আর্থিক সাহায্য পাঠাইবার ঠিকানা ঃ

১। মোঃ সফিকুল ইসলাম বুলবুল
সঞ্চয়ী হিসাব নম্বর-০৫০৮১০০০১২৮৭১
সোনালী ব্যাংক, প্রধান প্রধান শাখা
পিরোজপুর ।

মোবাইল নং- ০১৭১০৬৯৭৫৫০ (বিকাশ পার্সোনাল নম্বর)।